

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ২৮ জুন, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(পৌর শাখা-৩)

প্রজ্ঞাপন

তারিখ, ১৪ই আষাঢ়, ১৪০৮ বাং/২৮শে জুন, ২০০১ ইং

এস, আর, ও নং ১৭১-আইন/২০০১—যেহেতু সরকার অত্র মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং এস, আর, ও ১০৯-আইন/২০০১, তারিখ ১৬ই বৈশাখ, ১৪০৮ বাং মোতাবেক ২৯শে এপ্রিল, ২০০১ ইং দ্বারা লিঙ্গ তফসিলে বর্ণিত এলাকাকে শহর এলাকায় ঘোষণা করিয়াছে ; এবং

যেহেতু সরকার উক্ত এলাকাকে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণা করার উদ্দেশ্যে Declaration and Alterations of Municipalities Rules, 1978 অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ ঘোষণার প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহ্বান করার জন্য কক্সবাজার জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল ; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত এলাকাকে মিউনিসিপ্যালিটি ঘোষণার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন ;

এবং যেহেতু সরকার এই প্রতিবেদন বিবেচনাস্তে উক্ত Rules এর rule 4(2) এর অধীনে উক্ত এলাকা সমন্বয়ে একটি মিউনিসিপ্যালিটি ঘোষণার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

সেহেতু Paurashava Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) এর section 4 (a) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার এতদ্বারা নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাকে আগামী ২১শে আষাঢ়, ১৪০৮ বাংলা মোতাবেক ৫ই জুলাই, ২০০১ ইংরেজী তারিখ হইতে মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) রূপে ঘোষণা করিল, যাহা মহেশখালী মিউনিসিপ্যালিটি (পৌর এলাকা) নামে অভিহিত হইবে।

তফসিল

| ক্রমিক নং | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে, এল, নং | দাগ নং |
|-----------|---------------|---------------|------------|---------|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| (১) | গোরকঘাট | পুটিবিলা | ২৮ | ০১-২৮৫১ |
| (২) | | গোরকঘাট | ২৯ | ০১-৩৩৫৭ |
| (৩) | | হামিদার দিয়া | ৩০ | ০১-৭৬ |

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ আলী খান
উপ-সচিব (পৌর)।

আবদুর রহমান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।